608/০৮/2020

আনন্দবাজার পত্রিকা - 07/02/2020

ধনখড়। বৃহস্পতিবার তিনি জানান, বিভিন্ন রাজ্যে আট হাজার কৃষক পরিবারকে ৪৩ হাজার কোটি টাকা দেওয়া হয়েছে। চার হাজার কোটির বেশি টাকা পেতেন বাংলার কৃষকেরা। তাঁরা এই সুবিধা থেকে বঞ্চিত হওয়ায় তিনি দুঃখিত। নবান্নের পাল্টা বক্তব্য, কৃষকদের আর্থিক সহায়তা প্রকল্প আগেই চালু করেছে রাজ্য সরকার। রাজ্যের কৃষকেরা সেই প্রকল্পের সুবিধা পাচ্ছেন। তা ছাড়াও বিমা-সহ কৃষক-স্বার্থে যা যা করার, রাজ্য তা করছে। ধনখড় কৃষি নিয়ে মাঘমেলায় সরব হওয়ায় শান্তিনিকেতনের প্রবীণ আশ্রমিক সুপ্রিয় ঠাকুর বলেন, "অনেক দিন ধরেই বলছি, বিশ্বভারতী থেকে রাজনীতিকে দূরে রাখা উচিত। বিশ্বভারতীতে রাজনীতি কখনওই কাম্য নয়।" আর এক আশ্রমিক সৌরীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের কথায়, "বিশ্বভারতী বেদনাদায়ক পরিস্থিতির মধ্য দিয়ে চলছে। বিশ্বভারতী রাজনৈতিক মঞ্চ নয়। হওয়া উচিতও নয়। এ-সব থেকে মুক্ত করে শিক্ষা প্রতিষ্ঠানের মর্যাদা বজায় রাখা উচিত।"

## 'চরে' সভা নিয়ে

▸▸ জেলায় দ্বারকেশ্বর নদের চরে ধর্মীয় সংগঠনের উৎসবকে কেন্দ্র করে বিতর্ক বেঁধেছিল কিছু দিন আগে। মঙ্গলবার বাঁকুড়ার সতীঘাটে যেখানে মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূলের কর্মিসভা করার কথা, সে জায়গাটিও গন্ধেশ্বরী নদীর চরের 'উপরে' বলে আপত্তি তুলল পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ। সংগঠনের বাঁকুড়া শাখার সম্পাদক জয়দেব চন্দ্র বৃহস্পতিবার বলেন, "নদীর চরে সভা করা অনুচিত। প্রশাসনের কাছে স্মারকলিপি দিয়ে কর্মসূচির স্থান পরিবর্তনের দাবি তুলেছি।" তৃণমূলের জেলা সভাপতি শুভাশিস বটব্যালের বক্তব্য, "কিছু দলীয় কর্মী হয়তো নদীর চরে বসবেন। তবে নদীর পরিবেশের যাতে ক্ষতি না হয়, সে দিকে আমাদের নজর থাকবে।"

## পক্ষিবিদ প্রয়াত

▸▸ পক্ষিবিশারদ কুশল মুখোপাধ্যায়ের (৬২) জীবনাবসান হয়েছে। দীর্ঘদিন ধরে ভুগছিলেন। বৃহস্পতিবার বিকেলে গল্ফ ক্লাব রোডের বাড়িতে হঠাৎই অসুস্থ হয়ে পড়েন তিনি। হাসপাতালে নিয়ে গেলে সেখানেই তাঁর মৃত্যু হয়। পরিবেশপ্রেমীদের



■ **অভিনব:** বিভিন্ন আনাজ দিয়ে সিএএ, এনআরসি এবং এনপিআরের বিরুদ্ধে প্রতিবাদ তৃণমূল কর্মী-সমর্থকদের। বৃহস্পতিবার রানি রাসমণি অ্যাভিনিউয়ের ধর্না মঞ্চে। *ছবি: বিশ্বনাথ বণিক*

# তাপবিদ্যুৎ কেন্দ্রের কর্তা প্রহৃত, তৃণমূল নেতা কাঠগড়ায়

নিজস্ব সংবাদদাতা

**কোলাঘাট:** ফের বিতর্কে পূর্ব মেদিনীপুরের শহিদ মাতঙ্গিনী পঞ্চায়েত সমিতির সভাপতি, এলাকার দাপুটে তৃণমূল নেতা দিবাকর জানা। এ বার কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের এক আধিকারিককে বেধড়ক মারধরের অভিযোগ উঠল দিবাকর ও তাঁর অনুগামীদের বিরুদ্ধে। বৃহস্পতিবারের ওই ঘটনায় পুলিশে অভিযোগ দায়ের করেছেন তাপবিদ্যুৎ কেন্দ্র কর্তৃপক্ষ।

পঞ্চায়েত সমিতির সভাপতির পাশাপাশি কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের তৃণমূল শ্রমিক সংগঠনের কার্যকরী সভাপতি দিবাকর। তাপবিদ্যুৎ কেন্দ্রের বর্জ্য ছাই তোলার দায়িত্বে যে সংস্থাগুলি রয়েছে, তার একটির মালিকও তিনি। বেলা সাড়ে ১২টা নাগাদ দিবাকর মোটরবাইকে তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে বেরনোর সময় নিরাপত্তারক্ষী দিবাকরের গাড়ির ডিকি পরীক্ষা করতে চান। দিবাকর রাজি হননি। উল্টে নিরাপত্তারক্ষীর সঙ্গে বচসায় জড়ান এবং ফোনে জনা পঞ্চাশেক লোক ডেকে কর্তব্যরত নিরাপত্তারক্ষীদের মারধর শুরু করেন বলে অভিযোগ। পৌঁছন তাপবিদ্যুৎ কেন্দ্রের এইচআর বিভাগের আধিকারিক সিদ্ধার্থ ঘোষ। অভিযোগ, তাঁকেও মারধর করা হয়। মারের চোটে সিদ্ধার্থর মুখ, কান ফেটে যায়। তিনি কলকাতার বেসরকারি হাসপাতালে ভর্তি। এর পরই দিবাকর জানা, শান্তিপুর-১ পঞ্চায়েতের তৃণমূল প্রধান সেলিম আলি-সহ তিন জনের বিরুদ্ধে কোলাঘাট থানায় এফআইআর করেন তাপবিদ্যুৎ কেন্দ্র কর্তৃপক্ষ।

তাপবিদ্যুৎ কেন্দ্রের জেনারেল ম্যানেজার কৃষ্ণেন্দু চক্রবর্তী বলেন, "আমাদের নিরাপত্তারক্ষী নিয়ম মেনেই দিবাকর জানার গাড়ির ডিকি পরীক্ষা করতে যান। কিন্তু তাতে রাজি না হয়ে উল্টে ফোন করে লোক ডেকে আমাদের নিরাপত্তারক্ষীদের মারধর করেন। এইচআর বিভাগের এক আধিকারিককেও মারধর করা হয়েছে।" দিবাকর মারধরের অভিযোগ মানেননি। তাঁর দাবি, "তাপবিদ্যুৎ কেন্দ্রে ইউনিয়নের মিটিং সেরে ফেরার সময় এক নিরাপত্তারক্ষী আমার গাড়ি পরীক্ষা করতে চান। তা নিয়ে বচসা হয়। সিদ্ধার্থ ঘোষ ও এক সিকিউরিটি অফিসার আমার কলার ধরে টেনে নিয়ে যান। তখন একটি অপ্রীতিকর ঘটনা ঘটে। আমাদের এক শ্রমিককেও মারধর করা হয়।" তাঁদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হলে আজ, শুক্রবার থেকে প্রতিবাদে নামার হুঁশিয়ারি দেন তিনি।

দিবাকরের পাশে দাঁড়াচ্ছে না দল। রাতেই তাঁকে সরানো হয়েছে আইএনটিটিইউসি-র সংগঠন থেকে। তৃণমূলের জেলা সভাপতি শিশির অধিকারী বলেন, "ওই নেতা অন্যায় করেছেন। দলের নেতা বা যেই হোন না কেন, পুলিশকে ব্যবস্থা নিতে হবে।" কিন্তু দলের ভাবমূর্তি তো ক্ষুণ্ণ হল? শিশিরের জবাব, "দলের নীতিই হচ্ছে, এ সব যারা করবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া। মানুষ সেটা বোঝেন।"

# যাদবপুরে প্রার্থী দিল এবিভিপি

নিজস্ব সংবাদদাতা

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্রভোটে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ (এবিভিপি) প্রার্থী দিল। ইঞ্জিনিয়ারিং এবং কলা বিভাগে প্রতিদ্বন্দ্বিতা করবে তারা। অন্যান্য ছাত্র সংগঠনের সঙ্গে লড়াইয়ে রয়েছে টিএমসিপি-ও।

বৃহস্পতিবার ছিল মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন। স্ক্রুটিনিও হয় একই দিনে। মাস কমিউনিকেশন বিভাগের ছাত্র এবং এবিভিপি দক্ষিণবঙ্গের সম্পাদক সুরঞ্জন সরকার জানান, এই প্রথম যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্রভোটে প্রার্থী দিল এবিভিপি। ইঞ্জিনিয়ারিং ও কলা বিভাগের ছাত্র সংসদের কার্যনির্বাহী প্রতিটি পদেই প্রার্থী দিয়েছেন তাঁরা। দু'টি বিভাগে প্রায় ১৫০ শ্রেণি-প্রতিনিধি পদে প্রার্থী দেওয়া হয়েছে। কলা বিভাগের ছাত্র সংসদের চেয়ারপার্সন-পদে এবিভিপির হয়ে দাঁড়িয়েছেন ফিল্ম স্টাডিজ় বিভাগের ছাত্র শুভদীপ কর্মকার।

যাদবপুরে নতুন ছাত্র জোট ডেমোক্র্যাটিক স্টুডেন্টস অ্যালায়েন্সে থাকতে চাইছেন না কিছু দিন আগে এসএফআই থেকে বেরিয়ে আসা পড়ুয়ারা। তাঁদের পক্ষে জয়দীপ দাস জানান, তাঁরা আলাদা ভাবেই ভোটে লড়বেন। এ দিন মনোনয়নপত্র জমা দেওয়ার সময় ছিল বেলা সাড়ে ১১টা পর্যন্ত। কিন্তু এসএফআই এবং আইসা দাবি করে, সার্ভার ডাউন থাকায় মনোনয়নপত্র পেশে অসুবিধা হচ্ছে। সময় বাড়ানো হোক। তার পরে বিকেল ৪টে পর্যন্ত সময় বাড়ানো হয়। স্ক্রুটিনি হয় তার পরে।

## 'অভয়া' অ্যাপ

মহিলাদের নিরাপত্তায় জোর দিতে এ বার 'মোবাইল অ্যাপ' চালু করল আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেট। পুলিশ কমিশনার সুকেশকুমার জৈন জানান, বৃহস্পতিবার থেকে 'অভয়া' নামের অ্যাপটি কাজ শুরু করেছে। 'গুগল প্লে স্টোর' থেকে এই অ্যাপটি 'অ্যান্ড্রয়েড মোবাইলে' 'ডাউনলোড' করা যাবে।

# বলপ্রয়োগের ধারা যুক্ত

▶ পৃঃ ১-এর পর

এ দিন আদালতের বাইরে বলেন, "বৌমার চিৎকার শুনে ছুটে যাই

ফরেন্সিক বিশেষজ্ঞেরা। অ্যাম্বুল্যান্স থেকেও নমুনা সংগ্রহ করে তাঁরা গোবিন্দ খটিক রোডের ৬৩ মিটার (২০৬ ফুট) জায়গা চিহ্নিত করেছেন।

308/C/2020
27/WBHRC/Suo/2020

W.B. HUMAN RIGHTS COMMISSION
KOLKATA-27

File No. 560 /25/ 22/2020

Date: 07. 02. 2020

Enclosed is the news clippings appeared in the " Ananda Bazar Patrika', a Bengali daily dated 07. 02. 2020, the news item is captioned ' তাপবিদ্যুৎ কেন্দ্রের কর্তা প্রহৃত, তৃণমূল নেতা কাঠগড়ায়'।

Superintendent of Police, Purba Midnapore is directed to cause an enquiry into the matter and to furnish a report to the Commission by 31st March, 2020.

(Justice Girish Chandra Gupta)
Chairperson

7/2/2020
( Naparajit Mukherjee )
Member

Encl: News Item Dt. 07.02.2020

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and upload in the website.

Asstt. Secy.(L & R Wing) / S.O. to take immediate action
07.02.20

SDB